# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**18-05-2026** **Time: 7.35 AM**

---

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারির পৌরোহিত্যে মন্ত্রিসভা আজ দ্বিতীয় বৈঠকে বসছে।

ধনধান্য অডিটোরিয়ামে আজ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, সিবিএসই, আইএসসি পরীক্ষার কৃতীদের সম্বর্ধনা দেবে রাজ্য সরকার।

২) সরকারি চাকরিতে বয়সসীমা বাড়ানোর বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার।

৩) তৃণমূল কংগ্রেসের ১০ জন নেতা ও প্রাক্তন মন্ত্রীর নিরাপত্তায় কাটছাঁট করা হয়েছে।

৪) আগামী ২৮ শে মে রাজ্য জুড়ে ঈদ উল আজহা পালিত হবে।

৫) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গলের মধ্যে ম্যাচটি গতকাল ১-১ গোলে শেষ হয়েছে।

যুবভারতীতে মেসিকান্ডে বঞ্চিত দর্শকদের টিকিটের টাকা ফেরত দেওয়ার জন্য রাজ্য সরকার পদক্ষেপ করবে বলে ক্রীড়া মন্ত্রী নিশীথ প্রামানিক জানিয়েছেন।

---

বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে রাজ্য সরকার আজ নবান্নে মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে বসছে। এই বৈঠকে মুখ্য সচিব,

স্বরাষ্ট্র সচিব ছাড়াও মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে আর জি কর সহ নারী নির্যাতন, প্রাতিষ্ঠানিক দুর্নীতি, সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, বকেয়া মহার্ঘ ভাতা প্রদানের মত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে সচিবালয় সূত্রে জানা গেছে।

এছাড়াও ভারত বাংলাদেশ সীমান্তবর্তী অরক্ষিত জমিতে কাঁটাতার দেওয়া এবং আউটপোস্ট তৈরির জন্য বিএসএফকে ৪৫ দিনের মধ্যে জমি দেওয়ার বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তা নিয়েও মুখ্যমন্ত্রী অন্য আর একটি বৈঠক করবেন। উপস্থিত থাকবেন বর্তমান মুখ্য সচিব মনোজ কুমার আগরওয়াল, প্রাক্তন মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী সহ বিএসএফ এর অন্যান্য আধিকারিকেরা।

এরপরে বিকেলে মুখ্যমন্ত্রীর আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে এই বছরের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, সিবিএসই, আইসিএসই পরীক্ষায় কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা দেওয়ার কথা।

-------------------

সরকারি চাকরিতে বয়সসীমা বাড়ানোর বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার। অর্থ দফতরের অডিট শাখার তরফে জারি হওয়া বিজ্ঞপ্তি অনুযায়ী, গ্রুপ ‘এ’ পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা বাড়িয়ে করা হয়েছে ৪১ বছর। গ্রুপ ‘বি’ পদে তা বেড়ে হয়েছে ৪৪ বছর। আর গ্রুপ ‘সি’ ও গ্রুপ ‘ডি’ পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা রাখা হয়েছে ৪৫ বছর।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, যেসব পদে ইতিমধ্যেই ৪১ বছরের বেশি বয়সসীমা কার্যকর রয়েছে, সেখানে আগের নিয়মই বহাল থাকবে। পাশাপাশি, রাজ্য সরকারি

সংস্থা, সরকারি কোম্পানি ও স্থানীয় স্বশাসিত সংস্থাগুলির ক্ষেত্রে পাবলিক সার্ভিস কমিশনের বাইরে হওয়া নিয়োগের ক্ষেত্রেও সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর হলো। ১১ই মে, ২০২৬ তারিখ থেকে এই সিদ্ধান্ত কার্যকর ধরা হবে ।

এদিকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষের ব্যক্তিগত সচিব হিসেবে নিয়োগ করা হয়েছে ২০১৩ ব্যাচের ডব্লিউবিসিএস অফিসার বিশ্বনাথ চৌধুরীকে। বর্তমানে তিনি হুগলি জেলা পরিষদের ডেপুটি সেক্রেটারি পদে কর্মরত। অবিলম্বে তাঁকে নতুন দায়িত্বে যোগ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

-------------------

কলকাতায় বেআইনি পার্কিং রুখতে কড়া পদক্ষেপ নিচ্ছে পুলিশ-প্রশাসন। নির্দিষ্ট জায়গা ছাড়া পার্কিং করলে দিতে হবে জরিমানা। রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন রাস্তার দু'ধারে অবৈধভাবে পার্কিং বন্ধ হবে। পার্কিংয়ের নিয়ম নেই, এমন জায়গায় কোনও গাড়ি রাখা যাবে না বলে স্পষ্ট জানান তিনি। এদিকে পুর দপ্তরের তরফে বার্তা পাওয়ার পরেই ২৭টি ট্রাফিক গার্ডে বেআইনি পার্কিং ইস্যুতে বিশেষ অভিযান চালায় কলকাতা পুলিশ। এদিকে পার্কিংয়ের সঙ্গে যুক্ত থাকা কর্মীদের নির্দিষ্ট পোশাকের ব্যবস্থা রাজ্যসরকার করবে বলে জানা গেছে।

-------------------

দখলদার সরানোর জন্য অভিযানকে কেন্দ্র করে বিক্ষোভের জেরে গতকাল কলকাতার পার্ক সার্কাস সেভেন পয়েন্ট ক্রসিং এলাকা উত্তপ্ত হয়ে উঠে। দুষ্কৃতীরা পুলিশকে লক্ষ্য করে ইট পাটকেল ছুঁড়তে শুরু করলে পুলিশ ও আধা সামরিক বাহিনী

দ্রুত ব্যবস্থা নেয়। নামানো হয় র‍্যাফ। এই ঘটনায় বেশ কয়েকজনকে গ্রেফতার করেছে পুলিশ। ইটের আঘাতে আহত হয়েছেন বেশ কয়েকজন পুলিশ কর্মী।

বেআইনী জমায়েত হটাতে পুলিশ উপযুক্ত ব্যবস্থা নেবে বলে কলকাতা পুলিশের এসিপি অশেষ বিশ্বাস সাংবাদিকদের জানিয়েছেন।

বাইট

-------------------

কোচবিহারের দিনহাটা পৌরসভার বিল্ডিং প্ল্যান দুর্নীতি মামলায় পুলিশ পৌরসভার বিল্ডিং বিভাগের কর্মী ও তৃণমূল নেত্রী মৌমিতা ভট্টাচার্য কে গ্রেফতার করেছে ।২০২৪ সালে দিনহাটা পৌরসভার বিরুদ্ধে বেআইনিভাবে বিল্ডিং প্ল্যান পাস করানোর অভিযোগ ওঠায় কয়েকজন পুর কর্মচারী গ্রেপ্তার হয়, যদিও পরে তারা জামিন পায় । সম্প্রতি পুলিশ মৌমিতা ভট্টাচার্যকে গ্রেফতার করে ও তৎকালীন দিনহাটা পৌরসভার চেয়ারম্যান গৌরীশঙ্কর মহেশ্বরীর বাড়িতে তল্লাশি চালায়। তাকে গতকাল দিনহাটা মহকুমা আদালতে তোলা হলে তিন দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

-------------------

নদীয়ার কৃষ্ণনগর এক নম্বর ব্লক কৃষি কর্মাধ্যক্ষ স্মরজিৎ বিশ্বাসকে তোলাবাজির অভিযোগে পুলিশ গ্রেপ্তার করেছে। দিকনগর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান ঐ তৃণমূল কংগ্রেস নেতাকে গতকাল কৃষ্ণনগর আদালত পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

-------------------

পূর্ব বর্ধমানের জামালপুর থানার পুলিশ বিভিন্ন অপরাধমূলক কাজে যুক্ত থাকার অভিযোগে জোৎশ্রীরাম পঞ্চায়েতের সদস্য তপন মালিক ও তৃণমূল কংগ্রেস কর্মী রফিকুল ইসলাম ওরফে মিন্টু কে গ্রেফতার করেছে। গতকাল তাদের বর্ধমান আদালতে তোলা হয়।

-------------------

হুগলীর আরামবাগের একটি তৃণমূল কংগ্রেস কার্যালয় থেকে তাজা বোমা উদ্ধারের খবর পাওয়া গেছে। এব্যাপারে বিস্তারিত এখনও কিছু জানা যায়নি।

এদিকে জেলার বৈদ্যবাটি পুরসভার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার রাজু পারুই ওরফে চন্ডেকে পুলিশ গ্রেপ্তার করেছে। গত ২৬ শে এপ্রিল ভোটের প্রচারে গিয়ে বিজেপি কর্মী, তার আক্রমণের শিকার হয়েছিলেন বলে অভিযোগ। রাজু পারুইয়ের গ্রেপ্তারে বিজেপি কর্মীরা খুশীতে মেতে ওঠেন।

-------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির মনিপুরে বিজেপির বিজয় মিছিল থেকে ফেরার সময়ে তিন কর্মী সমর্থকের ওপর ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ চালানো হয়। আহতদের সন্দেশখালির খুলনা হাসাপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় তৃণমূল কংগ্রেস আশ্রিত দৃষ্কৃতীরাই এই হামলা চালিয়েছে বলে অভিযোগ। এই ঘটনায় সন্দেশখালি থানার পুলিশ তৃণমূল কংগ্রেসের সঙ্গে যুক্ত তিনজনকে গ্রেপ্তার করেছে।

-------------------

বিধানসভা নির্বাচনে ক্ষমতা হারানোর পর দলের জেলা পরিষদ সদস্যদের সঙ্গে গতকাল বৈঠক করেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি।

কালীঘাটে তাঁর বাড়িতে এই বৈঠক বসে। সেখানে উপস্থিত ছিলেন তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জিও। দলীয় সূত্রে খবর, আগামিদিনে কাজকর্মের রূপরেখা নিয়ে জেলা নেতৃত্বকে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশ দিয়েছেন তৃণমূল কংগ্রেস নেত্রী। এর আগে দলের সাংসদ ও বিধায়কদের সঙ্গেও বৈঠক করেছেন তিনি।

-------------------

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পর নিরাপত্তায় কাটছাঁট করা হয়েছে প্রাক্তন ডিজি রাজীব কুমার, প্রাক্তন মেয়র ও মন্ত্রী শোভন চট্টোপাধ্যায়, তৃণমূল বিধায়ক কুণাল ঘোষের।

এঁরা ছাড়াও তৃণমূল কংগ্রেসের মোট ১০ নেতা-প্রাক্তন মন্ত্রীর বাড়ির সামনের নিরাপত্তা সরাল লালবাজার।

সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য, অরূপ বিশ্বাস, সুব্রত বক্সীদের নিরাপত্তা কমানো হয়েছে।

ডিরেক্টর অব সিকিউরিটি পীযূষ পাণ্ডে আগে ছিলেন ভারপ্রাপ্ত ডিজিপি। তাঁর নিরাপত্তাতেও কাটছাঁট করা হয়েছে বলে জানিয়েছে লালবাজার।

-------------------

জুলাই মাস থেকে চালু হতে চলেছে বিকশিত ভারত গ্যারান্টি ফোর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা জি রাম জি প্রকল্প। কেন্দ্রীয় সরকার এক নির্দেশিকায় জানিয়েছে, কাজ শুরুর আগে নথিভূক্ত সব শ্রমিকদের ব্যাংক অ্যাকাউন্টে থাকা সবিস্তার তথ্য যাচাই করতে হবে। রাজ্যের পঞ্চায়েত দপ্তর সেই মর্মে কাজ শুরু করতে জানিয়ে দিয়েছে আধিকারিকদের। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

-------------------

আগামী ২৮ মে রাজ্যজুড়ে ঈদ উল আজহা পালিত হবে বলে কলকাতার নাখোদা মসজিদের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। মসজিদ কমিটি গতকাল এক বৈঠকের পর এই সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানিয়েছেন মসজিদ কমিটির ট্রাস্টি বোর্ডের কনভেনর নাসের ইব্রাহিম।

-------------------

হাওড়ার উলুবেড়িয়ার গরুহাটা মোড়ের কাছে ঝোপ থেকে কালো ট্রলি ব্যাগে এক প্রৌঢ়ের দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ তার পরিচয় জানার চেষ্টা করছে। দেহে আঘাতের কোনো চিহ্ন নেই।

-------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গলের মধ্যে ম্যাচটি গতকাল নাটকীয় ভাবে ১-১ গোলে শেষ হয়। ৮৪ মিনিটে এডমুন্ডের দেওয়া গোলে ইস্টবেঙ্গল ১-০ তে এগিয়ে যায়। ৮৯ মিনিটে জেসন কামিন্স গোল করে মোহনবাগানকে খেলায় সমতা ফেরাতে সাহায্য করেন। ডার্বি ম্যাচে ড্র করে ইস্টবেঙ্গল আই এস এল খেতাব জয়ের দৌড়ে এগিয়ে গেলো।

-------------------

যুবভারতী ক্রীড়াঙ্গনে গত ডিসেম্বর মাসে লিওনেল মেসিকে দেখতে এসে যেসব দর্শকরা বঞ্চিত হয়েছিলেন তাদের টিকিটের টাকা ফেরত দেওয়ার জন্য পদক্ষেপ করা হবে বলে ক্রীড়ামন্ত্রী নিশীথ প্রামাণিক জানিয়েছেন। গতকাল যুবভারতীতে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের ডার্বি ম্যাচ দেখতে এসে তিনি একথা বলেন।

বাইট

তিনি বাংলার ক্রীড়াক্ষেত্রকে রাজনীতি মুক্ত করার বার্তা দিয়েছেন।

সরকার যুবভারতীর বাইরে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বসানো মূর্তিটিকেও সরিয়ে দেবে বলে তিনি জানান।

------------------ ------------------